


## মূল বইয়ের অতিরিক্ত অংশ

### একাদশ অধ্যায়: জীব প্রযুক্তি



পরীক্ষায় কমন পেতে আরও প্রশ্নোত্তর

প্রশ্ন ▶ ১



চিত্র : 'A'

◀ শিখনফল-১ ও ২/রা. বো. ২০১৬/

- |   |   |
|---|---|
| ক. জিন ক্রোনিং কাকে বলে?  | ১ |
| খ. নন-ডিসজাংশন বলতে কী বোঝায়?  | ২ |
| গ. 'A' চিত্রটির আকৃতি ও গঠন ব্যাখ্যা করো।   | ৩ |
| ঘ. চিত্রের কোন টেস্টের মাধ্যমে এবং কীভাবে প্রকৃত পিতামাতা চিহ্নিত করা হয়? মতামত দাও। | ৪ |

#### ১ নং প্রশ্নের উত্তর

**ক** জৈব প্রযুক্তির মাধ্যম একই জিনের অসংখ্য নকল তৈরি করাকে জিন ক্রোনিং বলে।

**খ** মায়োসিস কোষ বিভাজনের সময় অ্যানাফেজ ধাপে হোমোলগাস ক্রোমোজোমগুলির যেকোন একটি জোড়ার ক্রোমোজোম দুটির একটি অপরটি থেকে পৃথক না হয়ে দুটিই যে কোন মেরুতে চলে যায়। এ অবস্থাকে নন-ডিসজাংশন বলে।

**গ** A চিত্রটি হলো ক্রোমোজোম যা বংশগতির বৈশিষ্ট্যের ধারক ও বাহক। নিচে ক্রোমোজোমের আকৃতি ও গঠনের ব্যাখ্যা করা হলে—  
ক্রোমোজোমের আকার সাধারণত লম্বা। প্রতিটি ক্রোমোজোমের দেহ দুই গুচ্ছ সুতার মতো অংশ নিয়ে গঠিত। প্রতিগুচ্ছ সুতার মতো অংশকে ক্রোমোনেমা বলে। কোষ বিভাজনের সময় প্রতিটি ক্রোমোজোম সমান দুই ভাগে বিভক্ত হয়ে যায়। এদের প্রতিটিকে ক্রোমাটিড বলে। প্রতিটি ক্রোমাটিড একটি ক্রোমানোমা নিয়ে গঠিত। মাইটোসিস কোষ বিভাজনের মেটাফেজ দশায় প্রত্যেকটি ক্রোমোজোমে গোলাকৃতি ও সংকুচিত স্থান দেখা যায়। যা সেন্ট্রোমিয়ার নামে পরিচিত। এই সেন্ট্রোমিয়ারের উভয় পার্শ্বের অংশকে বাহু বলে। ক্রোমোজোম প্রকৃতপক্ষে কিছু প্রোটিন ও অজৈব পদার্থের সমাবেশ। যা ইলেকট্রন মাইক্রোস্কোপ ছাড়া দেখা যায় না।


**ঘ** চিত্রে প্রদর্শিত ক্রোমোজোমে অবস্থিত DNA টেস্টের মাধ্যমে পিতা-মাতা চিহ্নিত করা সম্ভব। এ টেস্টে পিতা-মাতার দেহ থেকে সংগৃহীত DNA এর সাথে অন্যান্য মানুষের DNA নমুনা মিলিয়ে প্রকৃত পিতা-মাতা নির্ধারণ করা হয়।

ডিএনএ টেস্ট করার সময় পিতা, মাতা ও সন্তানের মুখগহ্বর থেকে কটন 'ব্যাড' এর মতো বিশেষ এক ধরনের ব্যবস্থার দ্বারা মুখের ঝিল্লির (মিউকাস) পর্দা নেওয়া হয়। গবেষণাগারে এ ঝিল্লি থেকে পিতা, মাতা ও সন্তানের ডিএনএ-এর একটি চিত্র (বা প্রোফাইল) প্রস্তুত করা হয়। নানা ধরনের রাসায়নিক বিক্রিয়ার দ্বারা, এরপর সন্তানের ডিএনএ-এর

চিত্রের সাথে পিতার ডিএনএ চিত্র মিলানো হয় এবং যদি ৫০% মিল পাওয়া যায়, তাহলে সে ব্যক্তিকে সেই সন্তানের জৈব পিতা অর্থাৎ প্রকৃত পিতা হিসেবে গণ্য করা হয়।

এভাবে সন্তানের প্রকৃত পিতা নির্ধারণে চিত্রের উপাদান তথা DNA টেস্ট ভূমিকা রাখে।

প্রশ্ন ▶ ২



চিত্র : A

◀ শিখনফল-১/চা. বো. -২০১৫/

- |  |   |
|--|---|
| ক. হানটিংটন'স রোগের কারণ কী?                       | ১ |
| খ. মানব ক্রোনিং নিষিদ্ধ করা হয়েছে কেন?            | ২ |
| গ. চিত্রে 'P' অঙ্গাণুর রাসায়নিক গঠন ব্যাখ্যা করো। | ৩ |
| ঘ. বংশগতিতে 'P' অঙ্গাণুটির ভূমিকা বিশ্লেষণ করো।    | ৪ |

#### ২ নং প্রশ্নের উত্তর

**ক** হানটিংটন'স রোগের কারণ পয়েন্ট মিউটেশন।

**খ** মানব ক্রোনিং নিষিদ্ধ করা হয়েছে। কারণ ক্রোনিং জাত শিশুটি সম্পূর্ণ সুস্থ হওয়ার সম্ভাবনা খুব কম বরং উল্টো প্রতিবন্ধী বা বিকলাঙ্গ হওয়ার আশঙ্কা বেশি। আবার ক্রোনিং হয়ে জন্ম হওয়া শিশুটির চারিত্রিক বৈশিষ্ট্য, ব্যক্তিত্ব কেমন হবে তা বলা যায় না। ফলে তার উপর সামাজিক চাপ প্রবল হবে। এসব কারণেই মানব ক্রোনিং নিষিদ্ধ করা হয়েছে।

**গ** উদ্দীপকের P অঙ্গাণুটি ক্রোমোজোম।


ক্রোমোজোমের রাসায়নিক গঠনে দেখা যায় এর মধ্যে নিউক্লিক এসিড, প্রোটিন ও অন্যান্য উপাদান রয়েছে। নিউক্লিক এসিড ডিএনএ ও আরএনএ এই দুই ধরনের হয়। একটি ডিএনএ অণু অনেকগুলো নিউক্লিওটাইড নিয়ে গঠিত। ডিএনএ অণুর আকৃতি অনেকটা প্যাঁচানো সিঁড়ির মতো। প্যাঁচানো সিঁড়ির দুপার্শ্বের মূল কাঠামো পাঁচ কার্বনযুক্ত শর্করা ও ফসফেট দ্বারা গঠিত। দুপার্শ্বের শর্করার সাথে দুটি করে নাইট্রোজেন ক্ষারক বা বেস জোড়া বেঁধে সিঁড়ির ধাপগুলো তৈরি করে। ডিএনএ অণুর চার ধরনের ক্ষারক হলো এডিনিন, গুয়ানিন, সাইটোসিন ও থাইমিন।

আরএনএ একটি মাত্র পলিনিউক্লিওটাইড শিকলে ভাঁজ হয়ে থাকে। এটি পাঁচ কার্বনযুক্ত রাইবোজ শর্করা ও ফসফেট নির্মিত একটি মাত্র পার্শ্ব কাঠামো দ্বারা গঠিত, যার চার ধরনের নাইট্রোজেন ক্ষারক ডিএনএর মতোই। শূধু পার্থক্য হচ্ছে ডিএনএ-তে পাইরিমিডিন ক্ষারক থাইমিন আছে, কিন্তু আরএনএ-তে থাইমিনের পরিবর্তে ইউরাসিল থাকে।

ক্রোমোজোমে হিস্টোন ও নন-হিস্টোন দু'ধরনের প্রোটিন থাকে। উপরে বর্ণিত রাসায়নিক পদার্থগুলো ছাড়া ক্রোমোজোমে লিপিড, ক্যালসিয়াম, লৌহ, ম্যাগনেসিয়াম আয়ন ও অন্যান্য রাসায়নিক পদার্থ অল্প পরিমাণে পাওয়া যায়।

**ঘ** উদ্ভীপকে P অঙ্গাণুটি হলো ক্রোমোজোম। ক্রোমোজোমের গায়েই সন্নিবেশিত থাকে অসংখ্য জিন বা বংশগতির একক। জীবজগতের বৈচিত্র্যের নিয়ন্ত্রক হচ্ছে জিন। এককোষী ব্যাকটেরিয়া, আমাশয়ে রোগ সৃষ্টিকারী জীবাণু অ্যামিবা থেকে শুরু করে বিশাল আকৃতির বটবৃক্ষ, বিশাল আকৃতির হাতি, তিমি ইত্যাদি বৃদ্ধমান জীব, মানুষ পর্যন্ত সবারই আকৃতি প্রকৃতি নির্ধারিত হয় তার জিনের সংকেত দ্বারা। তাছাড়া বংশবৃদ্ধির প্রয়োজনে প্রতিটা জীব তার অনুরূপ জীবের জন্ম দেয়। এ সবই জিনের দ্বারা হয়। আরএনএ জীবের বৈশিষ্ট্য নিয়ন্ত্রণ করতে ডিএনএ কে সাহায্য করে। ক্রোমোজোম ডিএনএ ও আরএনএকে ধারণ করে বাহক হিসাবে। ক্রোমোজোম ডিএনএ ও আরএনএকে সরাসরি বহন করে পিতা-মাতা থেকে তাদের পরবর্তী বংশধরে নিয়ে যায়। কোষ বিভাজনের মায়োটিক প্রক্রিয়ার মাধ্যমে বংশগতির এ ধারা অব্যাহত থাকে। এ কারণে ক্রোমোজোমকে বংশগতির ভৌত ভিত্তি বলে আখ্যায়িত করা হয়।

**প্রশ্ন** নিচের চিত্রটি লক্ষ্য কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



◀ শিখনফল-৪ ও ৭ [রা. বো.-২০১৫]

- |   |   |
|---|---|
| ক. জিন ক্লোনিং কাকে বলে?  | ১ |
| খ. সিকিল সেল রোগ বলতে কী বোঝায়?                                      | ২ |
| গ. চিত্রের A থেকে F জীবের উৎপাদন কৌশল ব্যাখ্যা করো।                   | ৩ |
| ঘ. কৃষি উন্নয়নে উদ্ভীপকের উল্লিখিত প্রক্রিয়ার গুরুত্ব বিশ্লেষণ করো। | ৪ |

### ৩ নং প্রশ্নের উত্তর

**ক** একই জিনের অসংখ্য নকল তৈরি করাকে জিন ক্লোনিং বলে।

**খ** সিকিল সেল রোগটি মানুষের রক্তকণিকার একটি রোগ যা পয়েন্ট মিউটেশনের ফলে সৃষ্টি হয়। স্বাভাবিক লোহিত কণিকার আকৃতি চ্যাপ্টা। কিন্তু সিকিল সেল-এর ক্ষেত্রে লোহিত কণিকাগুলোর আকৃতি অনেকটা কাস্তের মতো হয়। এর ফলে সিকিল সেলগুলো সূক্ষ্ম রক্ত নালিকাগুলোতে প্রতিবন্ধকতা সৃষ্টি করে এবং দেহের সে স্থানে তীব্র ব্যথা অনুভূত হয়। এছাড়া সিকিল সেলের কারণে দেহে রক্তশূন্যতা দেখা দেয় কারণ ঐ রক্তকণিকাগুলো যত দ্রুত ভেঙে যায় তত দ্রুত লোহিত কণিকা উৎপন্ন হয় না।

**গ** চিত্রের A থেকে F জীবের উৎপাদনে রিকম্বিনেন্ট প্রযুক্তি বা জেনেটিক ইঞ্জিনিয়ারিং এর ধাপ অনুসরণ করা হয়। ধাপগুলো বর্ণনা করা হলো—

- প্রথমে দাতা জীব থেকে কাঙ্ক্ষিত জিনসহ ডিএনএ অণু পৃথক করা হয়। এরপর এই জিনের বাহক বা ক্যারিয়ার হিসেবে ব্যাকটেরিয়ার প্লাজমিড ডিএনএ পৃথক করা হয়।
- এ ধাপে প্লাজমিড ডিএনএ এবং দাতা ডিএনএ এক বিশেষ ধরনের উৎসেচক দ্বারা খণ্ডিত করা হয়। দাতা ডিএনএ-র এসব খণ্ডের কোনো একটিতে কাঙ্ক্ষিত জিনটি থাকে।
- এ ধাপে লাইগেজ নামক এক ধরনের এনজাইম দ্বারা দাতা ডিএনএ-কে প্লাজমিড ডিএনএ-এর কর্তিত প্রান্তে স্থাপন করা হয়। লাইগেজ এখানে আঠার মতো কাজ করে। ফলে নির্দিষ্ট জিনসহ রিকম্বিনেন্ট ডিএনএ প্লাজমিড সৃষ্টি হয়। এই রিকম্বিনেন্ট প্লাজমিডগুলো এখন দাতা ডিএনএ-এর বিভিন্ন খণ্ডিত অংশ বহন করে।
- এখন এই রিকম্বিনেন্ট প্লাজমিডকে ট্রান্সফরমেশন পদ্ধতিতে ব্যাকটেরিয়ায় প্রবেশ করানো হয়।
- এরপর রিকম্বিনেন্ট প্লাজমিডবাহিত ব্যাকটেরিয়াকে পৃথক করা এবং নির্দিষ্ট জিন বহনকারী ব্যাকটেরিয়াকে শনাক্ত করা হয়। নির্দিষ্ট জিন বহনকারী ব্যাকটেরিয়াগুলোর ব্যাপক বংশবৃদ্ধি ঘটানো হয়, এটি হচ্ছে জিন ক্লোনিং, যার ফলে জিনের বহু কপি তৈরি হয়।

এভাবে কাঙ্ক্ষিত বৈশিষ্ট্য বা গুণ বহনকারী জিনের বহুগুণন ঘটানো হয়।

**ঘ** উদ্ভীপকে জিন প্রযুক্তি সম্পর্কে আলোকপাত করা হয়েছে। আমাদের দেশে জিন প্রযুক্তি অল্প জায়গায় লাখ লাখ কাঙ্ক্ষিত চারা উৎপাদন, অধিক ফলনশীল উদ্ভিদের জাত, সুপার রাইস, ভিটামিন সমৃদ্ধ জাত সৃষ্টি এবং ক্ষতিকর পতঙ্গা নিয়ন্ত্রণ ব্যবস্থা উদ্ভাবনের মাধ্যমে কৃষি উন্নয়নে ব্যাপক সাফল্য বয়ে এনেছে। যেমন—

- অনুচারা তৈরি:** টিস্যুকালচার পদ্ধতিতে উদ্ভিদের বর্ধনশীল অঙ্গের ক্ষুদ্র অংশ যেমন— মূল, কাণ্ড, পাতা অঙ্কুরিত চারার বিভিন্ন অংশ ইত্যাদি অঙ্গসমূহ থেকে অসংখ্য রোগমুক্ত অণুচারা উৎপন্ন করা হয়। যা পরবর্তীতে পূর্ণাঙ্গ উদ্ভিদে পরিণত হয়।
- অধিক ফলনশীল জাত সৃষ্টি:** কোনো বন্য উদ্ভিদের উৎকৃষ্ট জিন ফসলি উদ্ভিদে প্রতিস্থাপন করে উচ্চফলনশীল জাত উদ্ভাবন করা যাচ্ছে। ফলে একই জমিতে আগের চেয়ে অধিক খাদ্যশস্য উৎপাদন হচ্ছে।
- গুণগত মান উন্নয়ন:** জৈব প্রযুক্তি ব্যবহার করে উদ্ভিদের গুণগতমান যেমন— বর্ণ, পুষ্টি গুণ, স্বাদ ইত্যাদির উন্নয়ন করা হয়েছে।
- সুপার রাইস সৃষ্টি:** জৈব প্রযুক্তির মাধ্যমে বিজ্ঞানীরা সুপার রাইস বা গোল্ডেন রাইস নামক এক ধরনের ধান উদ্ভাবন করেছেন। যা ভিটামিন A সমৃদ্ধ।
- ভিটামিন সমৃদ্ধ ভুট্টার জাত সৃষ্টি:** সম্প্রতি স্পেনের একদল গবেষক এ প্রযুক্তির মাধ্যমে ভুট্টার উন্নত বীজ উদ্ভাবন করেছেন যা ভিটামিন সি, বিটা ক্যারোটিন ও ফলিক এসিড সমৃদ্ধ।
- স্টেরাইল ইনসেস্ট টেকনিক:** এ প্রযুক্তি ব্যবহার করে সৃষ্ট শাকসবজি, ফলমূলের কীটপতঙ্গ নিয়ন্ত্রণ করা হয়।
- ট্রান্সজেনিক উদ্ভিদ:** এ প্রযুক্তি প্রয়োগে সৃষ্ট ট্রান্সজেনিক উদ্ভিদ যে কোনো পরিবেশকে মোকাবিলা করতে সক্ষম।

উপর্যুক্ত আলোচনা থেকে এটা সুস্পষ্ট যে কৃষির উন্নয়নে উদ্ভীপকের প্রযুক্তির অবদান বর্তমান বিশ্বে এক অবিস্মরণীয় ঘটনা।

**প্রশ্ন ▶ ৪** বিশিষ্ট বিজ্ঞানী ডঃ শাহরিয়ার জামান জীবপ্রযুক্তি ও জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিষয়ক এক সেমিনারে বলেন যে, ডলি নামক ভেড়া হচ্ছে পৃথিবীর প্রথম স্তন্যপায়ী প্রাণী, যা একটি পূর্ণবয়স্ক দেহ কোষ থেকে ক্লোন করা হয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে “জেনেটিক ইঞ্জিনিয়ারিং প্রয়োগ করে কাঙ্ক্ষিত বৈশিষ্ট্য বা গুণবহনকারী জিনের বহুগুণন বৃদ্ধি ঘটানো যায়।”

◀ শিখনফল-৫ / চ. বো. ২০১৫/


- ক. মানুষের প্রতিটি দেহ কোষে কতটি ক্রোমোজোম থাকে? ১  
খ. ক্রোমোজোমকে বংশগতির ভৌত ভিত্তি বলা হয় কেন? ২  
গ. উদ্দীপকে প্রাণীর ক্লোন প্রবাহ চিত্রের মাধ্যমে দেখাও। ৩  
ঘ. উদ্দীপকে উল্লিখিত সর্বশেষ উক্তিটি বিশ্লেষণ করো। ৪

#### ৪ নং প্রশ্নের উত্তর

**ক** মানুষের প্রতিটি দেহ কোষে ২৩ জোড়া ক্রোমোজোম থাকে।

**খ** ক্রোমোজোমের ডিএনএ শেكل লম্বালম্বিভাবে স্ববিভাজনের দ্বারা ভাগ হয়ে পরিপূরক দুটি পার্শ্ব কাঠামো গঠিত হয়। এভাবে একটি ডিএনএ অণু ভেঙ্গে তৈরি হয় দুটি নতুন অণু। নতুনভাবে সৃষ্টি প্রতিটি অণুতে থাকে একটি পুরাতন ও একটি নতুন ডিএনএ পার্শ্ব কাঠামো, যার ফলে প্রতিটি নতুন ডিএনএ অণু হয় মূলটির হুবহু অনুলিপি। এভাবে ডিএনএ অণুতে রক্ষিত জীবের বংশগত বৈশিষ্ট্যের সাংকেতিক নীলনকশা পরিবর্তন ছাড়াই সংরক্ষিত হয় এবং পরবর্তী প্রজন্মে সঞ্চারিত হয়। আর ক্রোমোজোম এই ডিএনএ ও আরএএন কে সরাসরি বহন করে পিতা-মাতা থেকে তাদের পরিবর্তী বংশধর নিয়ে যায়। এ কারণেই ক্রোমোজোমকে বংশগতির ভৌত ভিত্তি বলা হয়।

**গ** উদ্দীপকের প্রাণীর (ভেড়া) ক্লোন প্রবাহ চিত্রের মাধ্যমে নিচে দেখানো হলো—




চিত্র: ডলির সৃষ্টি

**ঘ** উদ্দীপকে জিন প্রযুক্তি সম্পর্কে আলোকপাত করা হয়েছে। আমাদের দেশে জিন প্রযুক্তি অল্প জায়গায় লাখ লাখ কাঙ্ক্ষিত চারা উৎপাদন, অধিক ফলনশীল উদ্ভিদের জাত, সুপার রাইস, ভিটামিন সমৃদ্ধ জাত সৃষ্টি এবং ক্ষতিকর পতঙ্গা নিয়ন্ত্রণ ব্যবস্থা উদ্ভাবনের মাধ্যমে কৃষি উন্নয়নে ব্যাপক সাফল্য বয়ে এনেছে। যেমন—

- **অনুচারা তৈরি:** টিস্যুকালচার পদ্ধতিতে উদ্ভিদের বর্ধনশীল অঙ্গের ক্ষুদ্র অংশ যেমন— মূল, কাণ্ড, পাতা অঙ্কুরিত চারার বিভিন্ন অংশ ইত্যাদি অঙ্গসমূহ থেকে অসংখ্য রোগমুক্ত অণুচারা উৎপন্ন করা হয়। যা পরবর্তীতে পূর্ণাঙ্গ উদ্ভিদে পরিণত হয়।
- **অধিক ফলনশীল জাত সৃষ্টি:** কোনো বন্য উদ্ভিদের উৎকৃষ্ট জিন ফসলি উদ্ভিদে প্রতিস্থাপন করে উচ্চফলনশীল জাত উদ্ভাবন করা যাচ্ছে। ফলে একই জমিতে আগের চেয়ে অধিক খাদ্যশস্য উৎপাদন হচ্ছে।
- **গুণগত মান উন্নয়ন:** জৈব প্রযুক্তি ব্যবহার করে উদ্ভিদের গুণগতমান যেমন— বর্ণ, পুষ্টি গুণ, স্বাদ ইত্যাদির উন্নয়ন করা হয়েছে।
- **সুপার রাইস সৃষ্টি:** জৈব প্রযুক্তির মাধ্যমে বিজ্ঞানীরা সুপার রাইস বা গোল্ডেন রাইস নামক এক ধরনের ধান উদ্ভাবন করেছেন। যা ভিটামিন A সমৃদ্ধ।
- **ভিটামিন সমৃদ্ধ ভুট্টার জাত সৃষ্টি:** সম্প্রতি স্পেনের একদল গবেষক এ প্রযুক্তির মাধ্যমে ভুট্টার উন্নত বীজ উদ্ভাবন করেছেন যা ভিটামিন সি, বিটা ক্যারোটিন ও ফলিক এসিড সমৃদ্ধ।
- **স্টেরাইল ইনসেক্ট টেকনিক:** এ প্রযুক্তি ব্যবহার করে সৃষ্ট শাকসবজি, ফলমূলের কীটপতঙ্গ নিয়ন্ত্রণ করা হয়।
- **ট্রান্সজেনিক উদ্ভিদ:** এ প্রযুক্তি প্রয়োগে সৃষ্ট ট্রান্সজেনিক উদ্ভিদ যে কোনো পরিবেশকে মোকাবিলা করতে সক্ষম।

উপর্যুক্ত আলোচনা থেকে এটা সুস্পষ্ট যে কৃষির উন্নয়নে উদ্দীপকের প্রযুক্তির অবদান বর্তমান বিশ্বে এক অবিস্মরণীয় ঘটনা।

#### প্রশ্ন ▶ ৫



◀ শিখনফল-৪ ও ৭/ঘ. বো. ২০১৫/

- ক. সেল ক্লোনিং কী? ১  
খ. জিনকে বংশগতির একক বলা হয় কেন? ২  
গ. R তৈরির প্রক্রিয়াটি ব্যাখ্যা করো। ৩  
ঘ. উদ্দীপকের কৌশলে সৃষ্টি উদ্ভিদ কৃষির উন্নয়নে গুরুত্বপূর্ণ কেন? বিশ্লেষণ করো। ৪

#### ৫ নং প্রশ্নের উত্তর

**ক** একই কোষের অসংখ্য হুবহু একই রকমের কোষ সৃষ্টি করাকে সেল ক্লোনিং বলে।

**খ** জীবের সব দৃশ্যমান ও অদৃশ্যমান লক্ষণ বা বৈশিষ্ট্য নিয়ন্ত্রণকারী এককের নাম জিন। এর অবস্থান জীবের ক্রোমোজোম। সাধারণত জীবের একটি বৈশিষ্ট্যের জন্য একটি নির্দিষ্ট জিন থাকে। জিনের মাধ্যমেই পিতা-মাতার বৈশিষ্ট্য সন্তানে পরিবাহিত হয়। এ কারণে জিনকে বংশগতির একক বলা হয়।

**গ** R তৈরির প্রক্রিয়াটি হলো রিকম্বিনেন্ট প্রযুক্তি। নিচে এর বর্ণনা দেওয়া হলো—

- প্রথমে দাতা জীব থেকে কাঙ্ক্ষিত জিনসহ ডিএনএ অণু পৃথক করা হয়। এরপর এই জিনের বাহক বা ক্যারিয়ার হিসেবে ব্যাকটেরিয়ার প্লাজমিড ডিএনএ পৃথক করা হয়।
- এ ধাপে প্লাজমিড ডিএনএ এবং দাতা ডিএনএ এক বিশেষ ধরনের উৎসেচক দ্বারা খণ্ডিত করা হয়। দাতা ডিএনএ-র এসব খণ্ডের কোনো একটিতে কাঙ্ক্ষিত জিনটি থাকে।
- এ ধাপে লাইগেজ নামক এক ধরনের এনজাইম দ্বারা দাতা ডিএনএ-কে প্লাজমিড ডিএনএ-এর কর্তিত প্রান্তে স্থাপন করা হয়। লাইগেজ এখানে আঠার মতো কাজ করে। ফলে নির্দিষ্ট জিনসহ রিকম্বিনেন্ট ডিএনএ প্লাজমিড সৃষ্টি হয়। এই রিকম্বিনেন্ট প্লাজমিডগুলো এখন দাতা ডিএনএ-এর বিভিন্ন খণ্ডিত অংশ বহন করে।
- এখন এই রিকম্বিনেন্ট প্লাজমিডকে ট্রান্সফরমেশন পদ্ধতিতে ব্যাকটেরিয়ায় প্রবেশ করানো হয়।
- এরপর রিকম্বিনেন্ট প্লাজমিডবাহিত ব্যাকটেরিয়াকে পৃথক করা এবং নির্দিষ্ট জিন বহনকারী ব্যাকটেরিয়াকে শনাক্ত করা হয়। নির্দিষ্ট জিন বহনকারী ব্যাকটেরিয়াগুলোর ব্যাপক বংশবৃদ্ধি ঘটানো হয়, এটি হচ্ছে জিন ক্লোনিং, যার ফলে জিনের বহু কপি তৈরি হয়।

এভাবে কাঙ্ক্ষিত বৈশিষ্ট্য বা গুণ বহনকারী জিনের বহুগুণন ঘটানো হয়।


**ঘ** উদ্ভীপকে জিন প্রযুক্তি সম্পর্কে আলোকপাত করা হয়েছে। আমাদের দেশে জিন প্রযুক্তি অল্প জায়গায় লাখ লাখ কাঙ্ক্ষিত চারা উৎপাদন, অধিক ফলনশীল উদ্ভিদের জাত, সুপার রাইস, ভিটামিন সমৃদ্ধ জাত সৃষ্টি এবং ক্ষতিকর পতঙ্গ নিয়ন্ত্রণ ব্যবস্থা উদ্ভাবনের মাধ্যমে কৃষি উন্নয়নে ব্যাপক সাফল্য বয়ে এনেছে। যেমন—

- অনুচারা তৈরি:** টিস্যুকালচার পদ্ধতিতে উদ্ভিদের বর্ধনশীল অঙ্গের ক্ষুদ্র অংশ যেমন— মূল, কাণ্ড, পাতা অঙ্কুরিত চারার বিভিন্ন অংশ ইত্যাদি অঙ্গসমূহ থেকে অসংখ্য রোগমুক্ত অণুচারা উৎপন্ন করা হয়। যা পরবর্তীতে পূর্ণাঙ্গ উদ্ভিদে পরিণত হয়।
- অধিক ফলনশীল জাত সৃষ্টি:** কোনো বন্য উদ্ভিদের উৎকৃষ্ট জিন ফসলি উদ্ভিদে প্রতিস্থাপন করে উচ্চফলনশীল জাত উদ্ভাবন করা যাচ্ছে। ফলে একই জমিতে আগের চেয়ে অধিক খাদ্যশস্য উৎপাদন হচ্ছে।
- গুণগত মান উন্নয়ন:** জৈব প্রযুক্তি ব্যবহার করে উদ্ভিদের গুণগতমান যেমন— বর্ণ, পুষ্টি গুণ, স্বাদ ইত্যাদির উন্নয়ন করা হয়েছে।
- সুপার রাইস সৃষ্টি:** জৈব প্রযুক্তির মাধ্যমে বিজ্ঞানীরা সুপার রাইস বা গোল্ডেন রাইস নামক এক ধরনের ধান উদ্ভাবন করেছেন। যা ভিটামিন A সমৃদ্ধ।
- ভিটামিন সমৃদ্ধ ভুট্টার জাত সৃষ্টি:** সম্প্রতি স্পেনের একদল গবেষক এ প্রযুক্তির মাধ্যমে ভুট্টার উন্নত বীজ উদ্ভাবন করেছেন যা ভিটামিন সি, বিটা ক্যারোটিন ও ফলিক এসিড সমৃদ্ধ।

- স্টেরাইল ইনসেক্ট টেকনিক:** এ প্রযুক্তি ব্যবহার করে সৃষ্ট শাকসবজি, ফলমূলের কীটপতঙ্গ নিয়ন্ত্রণ করা হয়।
- ট্রান্সজেনিক উদ্ভিদ:** এ প্রযুক্তি প্রয়োগে সৃষ্ট ট্রান্সজেনিক উদ্ভিদ যে কোনো পরিবেশকে মোকাবিলা করতে সক্ষম।

উপর্যুক্ত আলোচনা থেকে এটা সুস্পষ্ট যে কৃষির উন্নয়নে উদ্ভীপকের প্রযুক্তির অবদান বর্তমান বিশ্বে এক অবিস্মরণীয় ঘটনা।

**প্রশ্ন ৬**



◀শিখনফল-১ [ব. বো. ২০১৫]


- |  |   |
|--|---|
| ক. জিন ক্লোনিং কী?   | ১ |
| খ. সিকিল সেল রোগ বলতে কী বোঝায়?   | ২ |
| গ. চিত্রটির গঠন ব্যাখ্যা করো।  | ৩ |
| ঘ. সন্তানের প্রকৃত পিতা নির্ধারণে চিত্রের উপাদান কীভাবে ভূমিকা রাখে? বিশ্লেষণ করো। | ৪ |

#### ৬ নং প্রশ্নের উত্তর

**ক** একই জিনের অসংখ্য নকল তৈরি করাকে জিন ক্লোনিং বলে।

**খ** সিকিল সেল রোগটি মানুষের রক্তকণিকার একটি রোগ যা পয়েন্ট মিউটেশনের ফলে সৃষ্টি হয়। স্বাভাবিক লোহিত কণিকার আকৃতি চ্যাপ্টা। কিন্তু সিকিল সেল-এর ক্ষেত্রে লোহিত কণিকার আকৃতি অনেকটা কাস্তুর মতো হয়। এর ফলে সিকিল সেলগুলো সূক্ষ্ম রক্ত নালিকাগুলোতে প্রতিবন্ধকতা সৃষ্টি করে এবং দেহের সে স্থানে তীব্র ব্যথা অনুভূত হয়। এছাড়া সিকিল সেলের কারণে দেহে রক্তশূন্যতা দেখা দেয় কারণ ঐ রক্তকণিকাগুলো যত দ্রুত ভেঙে যায় তত দ্রুত লোহিত কণিকা উৎপন্ন হয় না।

**গ** উদ্ভীপকে প্রদর্শিত গঠনটি নিউক্লিওটাইডের। নিউক্লিওটাইডে পাঁচ কার্বন বিশিষ্ট শর্করা, ফসফেট ও নাইট্রোজেন ক্ষারক বা বেস থাকে। এরকম অনেকগুলো নিউক্লিওটাইড একত্রিত হলে তাকে পলিনিউক্লিওটাইড বলে। DNA অণু মূলত দ্বিসূত্রবিশিষ্ট লম্বা শৃঙ্খলের পলিনিউক্লিওটাইড। DNA অণু দেখতে অনেকটা প্যাচানো সিঁড়ির মতো। প্যাচানো সিঁড়ির দুপার্শ্বের মূল কাঠামো গঠিত হয় পাঁচ কার্বন যুক্ত শর্করা ও ফসফেট দ্বারা। দুপার্শ্বের শর্করার সাথে দুটি করে নাইট্রোজেন ক্ষারক বা বেস জোড় বেঁধে তৈরি করে সিঁড়ির ধাপগুলো। নিচে এর চিত্ররূপ দেখানো হলো—




**ঘ** চিত্রের উপাদানটি ডিএনএ সংক্রান্ত।

যখন কোনো সন্তানের পিতৃত্ব ও মাতৃত্ব নিয়ে বিরোধ সৃষ্টি হয় অথবা কেউ যদি কোনো সন্তানকে তার সন্তান হিসেবে দাবি করে, তখন ডিএনএ টেস্ট দ্বারা এ ধরনের বিবাদ বর্তমানে নিষ্পত্তি করা যায়। ডিএনএ টেস্ট করার সময় পিতা, মাতা ও সন্তানের মুখগহ্বর থেকে কটন 'ব্যাড' এর মতো বিশেষ এক ধরনের ব্যবস্থার দ্বারা মুখের বিল্লির (মিউকাস) পর্দা নেওয়া হয়। গবেষণাগারে বিল্লি থেকে পিতা, মাতা ও সন্তানের ডিএনএ-এর একটি চিত্র (প্রোফাইল) প্রস্তুত করা হয় নানা ধরনের রাসায়নিক বিক্রিয়ার দ্বারা। এরপর সন্তানের ডিএনএ এর চিত্রের সাথে পিতার ডিএনএ চিত্রের সাথে মিলানো হয় এবং যদি ৯৯.৯% মিল পাওয়া যায়, তাহলে সে ব্যক্তিকে সেই সন্তানের জৈব পিতা অর্থাৎ প্রকৃত পিতা হিসাবে গণ্য করা হয়।

এভাবেই সন্তানের প্রকৃত পিতা নির্ধারণে চিত্রের উপাদান ভূমিকা রাখে।

**প্রশ্ন ▶ ৭**



◀ শিখনফল- ১

- ক. DNA কী? ১  
 খ. ক্লোরোপ্লাস্ট সবুজ হয় কেন? ২  
 গ. চিত্রের B অংশকে বংশগতির ধারক ও বাহক বলা হয় কেন? ৩  
 ঘ. কোষ বেঁচে থাকার ক্ষেত্রে চিত্রটির ভূমিকা গুরুত্বপূর্ণ— যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

#### ৭ নং প্রশ্নের উত্তর

**ক** DNA হচ্ছে জিনের রাসায়নিক গঠন উপাদান।

**খ** ক্লোরোপ্লাস্টে ক্লোরোফিল নামক এক ধরনের সবুজ বর্ণকণিকা থাকে। অধিকমাত্রায় ক্লোরোফিল ধারণ করে বলে এরা সবুজ বর্ণের হয়ে থাকে। এই ক্লোরোপ্লাস্টের কারণেই গাছের পাতা ও অন্যান্য অনেক অংশ সবুজ হয়।

**গ** উদ্ভীপকে চিহ্নিত চিত্রের 'B' অংশটি হলো ক্রোমোজোম। ক্রোমোজোমকে বংশগতির ধারক ও বাহক বলা হয়।

ক্রোমোজোমে অসংখ্য অতি সূক্ষ্ম জিন থাকে। এসব জিন রাসায়নিকভাবে DNA জীবের বিভিন্ন বৈশিষ্ট্য, যেমন-দেহের রং, আকার, স্বভাব, পরিব্যক্তি ইত্যাদি ধারণ করে এবং বংশানুক্রমে মাতা-পিতা থেকে সন্তান-সন্ততিতে স্থানান্তরিত হয়। অর্থাৎ ভবিষ্যৎ বংশধর মাতা-পিতার কোন কোন বৈশিষ্ট্য স্থানান্তরিত হবে, তার নির্ধারক হলো ক্রোমোজোম। এ কারণে ক্রোমোজোমকে বংশগতির ধারক ও বাহক বলা হয়।

**ঘ** উদ্ভীপকে চিত্রটি হলো নিউক্লিয়াস। নিউক্লিয়াস একটি কোষের যাবতীয় বিপাকীয় কার্যাবলি নিয়ন্ত্রণ, কোষের গঠনগত ও শারীরবৃত্তীয় বৈশিষ্ট্যের নিয়ন্ত্রণ, RNA ও রাইবোসোম গঠন, প্রোটিন সংশ্লেষণ, বংশগতির স্থানান্তরিত ও বংশগতির বৈশিষ্ট্যের ধারক ও বাহক ক্রোমোজোম ধারণ করে। শুধু বিপাকীয় বা শারীরবৃত্তীয় কাজই নয় কোষের বিভাজনেও নিউক্লিয়াসের গুরুত্ব অপরিসীম। নিউক্লিয়াসের এরূপ ভূমিকার জন্য নিউক্লিয়াসকে কোষের প্রাণকেন্দ্র বলা হয়। কোষের বেঁচে থাকার জন্য তাই নিউক্লিয়াস অত্যাবশ্যকীয় কোষীয় অঙ্গাণু। প্রায় সকল প্রকৃত কোষে যেমন সীভকোষে নিউক্লিয়াস থাকে না। নিউক্লিয়াসের

অনুপস্থিতিতে যে কোষ বেঁচে থাকতে পারে না তার প্রকৃষ্ট উদাহরণ স্তন্যপায়ীদের পরিণত লোহিত রক্তকণিকা।

পরিণত লোহিত রক্তকণিকায় নিউক্লিয়াস থাকে না। তাই এর জীবনকাল প্রায় ৪ মাস। নিউক্লিয়াস না থাকার কারণে এর আয়ু এত স্বল্প। অর্থাৎ বলা যায়, কোষের যাবতীয় কার্যাবলি নিয়ন্ত্রণের পাশাপাশি এটি কোষের প্রাণ স্বরূপ।

এসব কারণেই বলা যায়, কোষ বেঁচে থাকার ক্ষেত্রে চিত্রটির ভূমিকা অপরিহার্য।

**প্রশ্ন ▶ ৮** শফিক পত্রিকায় একটি খবরের শিরোনাম দেখল "DNA" টেস্টের মাধ্যমে বিবাদমান দম্পতির সন্তানের পিতৃপরিচয় নিশ্চিত। খবরটি পড়ার পর সে তার বাবার কাছে এ সম্পর্কে জানতে চাইল। তিনি DNA টেস্টের পদ্ধতি পুরোটা শফিককে বুঝিয়ে দিলেন। তিনি আরও বলেন জীবপ্রযুক্তি ব্যবহার করে আজকাল অপরাধীও শনাক্ত করা যায়।

◀ শিখনফল- ২ ও ৪

- ক. প্রকট জীন কী? ১  
 খ. নন-ডিসজাংশন বলতে কী বোঝ? ২  
 গ. উদ্ভীপকে আলোচিত ঘটনাটি কীভাবে করা যায়? ব্যাখ্যা করো। ৩  
 ঘ. শফিকের বাবার শেষ উক্তিটির সাথে তুমি কতটুকু একমত-উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

#### ৮ নং প্রশ্নের উত্তর

**ক** যে জিনের বৈশিষ্ট্যের প্রকাশ ঘটে তাকে প্রকট জিন বলে।

**খ** মায়েসিস কোষ বিভাজনের সময় অ্যানাফেজ ধাপে হোমোলগাস ক্রোমোজোমগুলির যেকোন একটি জোড়ার ক্রোমোজোম দুটির একটি অপরাধি থেকে পৃথক না হয়ে দুটিই যে কোন মেরুতে চলে যায়। এ অবস্থাকে নন ডিসজাংশন বলে।

**গ** উদ্ভীপকে আলোকিত ঘটনা হলো DNA টেস্ট।

যখন কোনো সন্তানের পিতৃত্ব ও মাতৃত্ব নিয়ে বিরোধ সৃষ্টি হয়। অথবা কেউ যদি কোনো সন্তানকে তার সন্তান হিসেবে দাবি করে, তখন ডিএনএ টেস্ট দ্বারা এ ধরনের বিবাদ বর্তমানে নিষ্পত্তি করা যায়। ডিএনএ টেস্ট করার সময় পিতা, মাতা ও সন্তানের মুখগহ্বর থেকে কটন 'ব্যাড' এর মতো বিশেষ এক ধরনের ব্যবস্থার দ্বারা মুখের বিল্লির (মিউকাস) পর্দা নেওয়া হয়। গবেষণাগারে বিল্লির থেকে পিতা, মাতা ও সন্তানের ডিএনএ-র একটি চিত্র (প্রোফাইল) প্রস্তুত করা হয় নানা ধরনের রাসায়নিক বিক্রিয়ার দ্বারা। এরপর সন্তানের ডিএনএ এর চিত্রের সাথে পিতার ডিএনএ চিত্রের সাথে মিলানো হয় এবং যদি ৯৯.৯% মিল পাওয়া যায়, তাহলে সে ব্যক্তিকে সেই সন্তানের জৈব পিতা (Biological father) অর্থাৎ, প্রকৃত পিতা হিসাবে গণ্য করা হয়।

**ঘ** মানব কল্যাণে কোনো জীবকে বা জীব হতে উদ্ভূত কোনো দ্রব্যকে ব্যবহার করাই জীব প্রযুক্তি। জীব প্রযুক্তি ব্যবহার করে বর্তমানে কোনো ঘটনার সাথে ব্যক্তির সংশ্লিষ্টতা বা অপরাধী শনাক্ত করা খুবই নিত্য নৈমিত্তিক ব্যাপার। ঘটনাটি সম্পন্ন করা হয় মূলত ফরেনসিক টেস্ট অথবা সেরোলজি টেস্ট দ্বারা। ফরেনসিক টেস্টে রক্ত, বীর্যরস, মূত্র, লালা, অশ্রু ইত্যাদি ডিএনএ বা অ্যান্টিবডি থেকে অপরাধী শনাক্ত করা হয়। অন্যদিকে সেরোলজি টেস্টে মানুষের রক্ত, বীর্য এবং লালাকে চিহ্নিত করে তার ডিএনএ বিশ্লেষণ করা হয় এবং এর মাধ্যমে অপরাধী শনাক্ত হয়।

উপরোক্ত ফরেনসিক টেস্ট ও সেরোলজি টেস্ট অপরাধী শনাক্ত ও অন্যান্য মানব কল্যাণমূলক কাজে ব্যবহৃত হয়। অতএব শফিকের বাবার শেষ উক্তিটি যথেষ্ট যুক্তিযুক্ত।



প্রশ্নব্যাংক

### ▶ উত্তর সংকেতসহ প্রশ্ন

**প্রশ্ন ▶ ৯** আলম তার বাবার সাথে কৃষি মেলায় গিয়ে বেশ সতেজ উদ্ভিদ দেখতে পায়। নির্ধারিত মৌসুম না হলেও এসব উদ্ভিদের কোনো কোনোটিতে ফুল ও ফল ধরেছে। সে তার বাবাকে এসবের কারণ জিজ্ঞেস করল। বাবা বললেন, এসবই হলো জিন প্রযুক্তির ব্যবহার।

◀ শিখনফল- ৪ ও ৭

- ক. প্রচ্ছন্ন জিন কী? ১  
খ. ডাউন'স সিনড্রোম ব্যাখ্যা করো। ২  
গ. উদ্ভীপকের উদ্ভিদে কীভাবে জিন প্রযুক্তি ব্যবহার করা হয়? ৩  
ঘ. কৃষি উন্নয়নে উদ্ভীপকের প্রযুক্তির গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

### ৯ নং প্রশ্নের উত্তর

**ক** যে জিনের বৈশিষ্ট্যের প্রকাশ ঘটে না তাকে প্রচ্ছন্ন জিন বলে।  
**খ** ডাউন'স সিনড্রোম হলো মানুষের জেনেটিক বিশৃঙ্খলা দ্বারা সৃষ্ট এক ধরনের বংশগত রোগ। মানুষের ২১তম ক্রোমোজোমের নন-ডিসজাংশনের ফলে ডাউন'স সিনড্রোমে রোগ হয়। এদের চোখের পাতা ফোলা, নাক চ্যাপ্টা, জিহ্বা লম্বা, হাতগুলো ছোট হয়। এরা খর্বকৃতির এবং মানসিক ভারসাম্যহীন হয়।

**সুপার টিপস্:** প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্যে অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—

- গ. জিন প্রযুক্তির কৌশল ব্যাখ্যা করো।  
ঘ. কৃষি উন্নয়নে জিন প্রযুক্তির গুরুত্ব বিশ্লেষণ করো।

**প্রশ্ন ▶ ১০** উদ্ভিদ ও প্রাণিকোষ নিউক্লিয়াসের অভ্যন্তরে এক ধরনের সুতার মতো কিছু অজাগু থাকে। কোষ বিভাজনের সময় পানি বিয়োজনের ফলে এগুলো স্পষ্ট আকার ধারণ করে। উল্লেখ্য যে কোষ বিভাজনের প্রোফেজ ও মেটাফেজ দশায় এগুলো স্পষ্ট হয়।

◀ শিখনফল- ১

- ক. ক্রোমোসোম কী? ১  
খ. ক্রোমোসোম বলতে কী বোঝায়? ২  
গ. উদ্ভীপকে উল্লিখিত অংশটির গঠন ব্যাখ্যা করো। ৩  
ঘ. প্রজাতিভেদে জীবদেহে এদের সংখ্যা ভিন্ন ভিন্ন হয়— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

### ১০ নং প্রশ্নের উত্তর

**ক** প্রতিটি ক্রোমোসোমের দেহ দুই গুচ্ছ সুতার মতো অংশ নিয়ে গঠিত। প্রতিগুচ্ছ সুতার মতো অংশই হলো ক্রোমোসোম।

**খ** প্রতিটি প্রকৃত কোষবিশিষ্ট জীবের নিউক্লিয়াসের নিউক্লিওপ্লাজমে অনেক ক্রোমোসোম ফাইবার থাকে। এগুলো কোষের স্বাভাবিক অবস্থায় নিউক্লিয়াসের ভেতরে বিশৃঙ্খল অবস্থায় থাকে। কোষ বিভাজনের সময় পানি বিয়োজনের ফলে এগুলো স্পষ্ট আকার ধারণ করে এবং আকারে এগুলো সুতার মতো হয়। এগুলোকেই ক্রোমোসোম বলা হয়।

**সুপার টিপস্:** প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্যে অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—

- গ. ক্রোমোসোমের গঠন ব্যাখ্যা করো।  
ঘ. ক্রোমোসোমের প্রকারভেদ আলোচনা করো।

**প্রশ্ন ▶ ১১** শিক্ষক ক্রোমোসোমের গঠন বর্ণনা করতে গিয়ে বললেন যে, এটি তিন ধরনের অংশ নিয়ে গঠিত। প্রথম অংশটিতে থাইমিন (T) পাওয়া যায়, দ্বিতীয় অংশে ইউরাসিল (U) পাওয়া যায় এবং তৃতীয় অংশে ম্যাগনেসিয়াম আয়ন পাওয়া যায়।

◀ শিখনফল- ১

- ক. ক্রোমাটিড কাকে বলে? ১  
খ. নিউক্লিওটাইডের রাসায়নিক উপাদানগুলো কী কী? ২  
গ. উল্লেখিত দ্বিতীয় ও তৃতীয় অংশটির গঠন বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ৩  
ঘ. শিক্ষকের বলা প্রথম অংশটির গঠন কিছু সুনির্দিষ্ট নিয়ম মেনে চলে বিশ্লেষণ করো। ৪

### ১১ নং প্রশ্নের উত্তর

**ক** কোষ বিভাজনের সময় প্রতিটি ক্রোমোসোম সমান দুভাগে বিভক্ত হয়ে যায়। এদের প্রতিটিকে ক্রোমাটিড বলে।

**খ** প্রতিটি নিউক্লিওটাইড এ তিন ধরনের রাসায়নিক উপাদান থাকে। যথা—

- i. একটি ৫ কার্বনবিশিষ্ট ডি অক্সিরাইবোজ শর্করা।  
ii. একটি ফসফেট এবং  
iii. চার ধরনের নাইট্রোজেন ক্ষারকের যে কোন একটি নাইট্রোজেন ক্ষারক।

**সুপার টিপস্:** প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্যে অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—

- গ. RNA ও ক্রোমোসোমের প্রোটিন সম্পর্কে ব্যাখ্যা দাও।  
ঘ. DNA এর গঠন বৈশিষ্ট্য বিশ্লেষণ করো।

**প্রশ্ন ▶ ১২** গত ক্লাসে রোকসানা ম্যাডাম ডিএনএ প্রযুক্তি সম্পন্ন করার ধাপগুলো আলোচনা করেন। শেষে কৃষি উন্নয়নে জীব প্রযুক্তির ব্যবহারিক দিকগুলো ব্যাখ্যা করেন।

◀ শিখনফল- ৪ ও ৭

- ক. ট্রান্সজেনিক উদ্ভিদ কাকে বলে? ১  
খ. ক্লোনিং বলতে কী বোঝায়? ২  
গ. উদ্ভীপকের প্রযুক্তি কীভাবে সম্পন্ন করা হয় তা বর্ণনা করো। ৩  
ঘ. কৃষি উন্নয়নে উক্ত প্রযুক্তির কোনো গুরুত্ব আছে কি? – বিশ্লেষণ করো। ৪

### ১২ নং প্রশ্নের উত্তর


**ক** জিন প্রকৌশলের মাধ্যমে জিনের স্থানান্তর ঘটিয়ে যে উদ্ভিদ সৃষ্টি করা হয় তাকে ট্রান্সজেনিক উদ্ভিদ বলা হয়।

**খ** বিশেষ কোনো জিনের সংখ্যাবৃদ্ধির ঘটিয়ে প্রতিলিপি তৈরি করাকে ক্লোনিং বলে। কখনো বা কোনো কোষকে বিশেষভাবে পালনের মাধ্যমে রেখে বিভাজন ঘটিয়ে এতে উৎপন্ন করা হয় এক গোষ্ঠী একই ধরনের কোষ। আবার কোনো অণুজীব উদ্ভিদ কিংবা প্রাণীর অনুরূপ অনেক জীব উৎপাদন করাকেও ক্লোনিং বলে।

**সুপার টিপস্:** প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্যে অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—

- গ. রিকম্বিনেন্ট DNA কীভাবে তৈরি করা হয় ব্যাখ্যা করো।  
ঘ. কৃষি উন্নয়নে জৈব প্রযুক্তির গুরুত্ব বিশ্লেষণ করো।

### প্রশ্ন ▶ ১৩



◀ শিখনফল- ১

- ক. মানুষের ক্রোমোজোম সংখ্যা কত? ১  
 খ. অটোজোম ও সেক্স ক্রোমোজোমের পার্থক্য লিখ। ২  
 গ. উদ্ভীপকে প্রদর্শিত গঠনটি কীভাবে DNA-তে বিন্যস্ত থাকে? ব্যাখ্যা করো। ৩  
 ঘ. RNA -এর গঠনে চিত্রের ভূমিকা বিশ্লেষণ করো। ৪

**১৩ নং প্রশ্নের উত্তর**

**ক** প্রতিটি মানুষের দেহে ক্রোমোজোম সংখ্যা ২৩ জোড়া অর্থাৎ ৪৬টি।

**খ** অটোজোম ও সেক্স ক্রোমোজোমের মধ্যে পার্থক্য নিম্নরূপ—  
 অটোজোম দ্বারা জীবের যাবতীয় বৈশিষ্ট্য নিয়ন্ত্রিত হয়। অপরদিকে, সেক্স ক্রোমোজোম দ্বারা লিঙ্গ নির্ধারিত হয়। নারী ও পুরুষ উভয়ের ক্ষেত্রেই অটোজোম একই ধরনের হয়। পক্ষান্তরে, নারী ও পুরুষের ক্ষেত্রে সেক্স ক্রোমোজোমের ভিন্নতা পরিলক্ষিত হয়।



**সুপার টিপস:** প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্যে অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—

- গ** DNA এর নিউক্লিওটাইডের গঠন ব্যাখ্যা করো।  
**ঘ** RNA এর গঠনে নিউক্লিওটাইডের ভূমিকা বিশ্লেষণ করো।

**প্রশ্ন ১৪** রহমতপুর কৃষি গবেষণা ইনস্টিটিউটের বিজ্ঞানীগণ জীবপ্রযুক্তি ব্যবহার করে কালচার মাধ্যমে আবাদ করে উন্নত জাতের নারকেল উদ্ভাবন করেন— যা এ বছর কৃষিমেলায় প্রদর্শিত হয়েছে।

◀ শিখনফল-৭

- ক. প্রকট জিন কী? ১  
 খ. ক্রোমোজোমের প্রকারভেদ ব্যাখ্যা করো। ২  
 গ. উক্ত নারকেল উৎপাদনের জন্য কৃষি বিজ্ঞানীগণ যে যে ধাপ অনুসরণ করে তা ব্যাখ্যা করো। ৩  
 ঘ. উক্ত প্রযুক্তি কৃষি ক্ষেত্রে কী কী ভূমিকা রাখে? তা ব্যাখ্যা করো। ৪

**১৪ নং প্রশ্নের উত্তর**

**ক** যে জিনের বৈশিষ্ট্যের প্রকাশ ঘটে তাকে প্রকট জিন বলে।  
**খ** উচ্চ শ্রেণির প্রাণী বা উদ্ভিদের কোষের ক্রোমোজোমের মধ্যে প্রকারভেদ দেখা যায়। এদের দেহকোষে যতগুলো ক্রোমোজোম থাকে, তাদের মধ্যে একজোড়া ক্রোমোজোম অন্যান্য ক্রোমোজোম থেকে ভিন্নধর্মী। এই ভিন্ন ধর্মী ক্রোমোজোমকে সেক্স ক্রোমোজোম বলা হয়। বাকি ক্রোমোজোমগুলোকে অটোজোম বলে।




**সুপার টিপস:** প্রয়োগ ও উচ্চতর দক্ষতার প্রশ্নের উত্তরের জন্যে অনুরূপ যে প্রশ্নের উত্তরটি জানা থাকতে হবে—

- গ** টিস্যু কালচারের ধাপ ব্যাখ্যা করো।  
**ঘ** কৃষিক্ষেত্রে টিস্যু কালচারের ভূমিকা ব্যাখ্যা করো।

**▶ অনুশীলনের জন্য আরও প্রশ্ন**

**প্রশ্ন ১৫**



◀ শিখনফল- ৭

- ক. জেনেটিক ইঞ্জিনিয়ারিং কী? ১  
 খ. ভেড়ার লোম উন্নতকরণে ট্রান্সজেনিক উদ্ভিদের ভূমিকা কী? ২


- গ. উল্লেখিত পদ্ধতিটি আমাদের অর্থনীতিতে কীভাবে ভূমিকা পালন করে? ব্যাখ্যা করো। ৩  
 ঘ. উদ্ভীপকের উল্লেখিত পদ্ধতিটির মাধ্যমে কৃষি উন্নয়ন সম্ভব কীভাবে? ৪

**প্রশ্ন ১৬** মাসুম ক্লাসে জীব প্রযুক্তি সম্পর্কে জানল। সে জানল যে এ জ্ঞান জিন প্রযুক্তিতে ব্যবহৃত হয়। এতে কৃষিজ ওষুধ ইত্যাদি শিল্পে অনেক উপকার হয়।

◀ শিখনফল-৭

- ক. নন-ডিসজাংশন কী? ১  
 খ. ট্রান্সজেনিক উদ্ভিদ বলতে কী বোঝ? ২  
 গ. কৃষিতে উল্লেখিত প্রযুক্তির ৩টি ব্যবহার বর্ণনা করো। ৩  
 ঘ. দুগ্ধজাত দ্রব্য উৎপাদনে মাসুমের জানা প্রযুক্তির ভূমিকা বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন ১৭**



চিত্র-A

◀ শিখনফল- ৪ ও ৭

- ক. ট্রান্সজেনিক জীব কী? ১  
 খ. সিকিল সেল রোগের লক্ষণসমূহ উল্লেখ করো। ২  
 গ. চিত্র-A তৈরির প্রক্রিয়া ব্যাখ্যা করো। ৩  
 ঘ. কৃষি উন্নয়নে চিত্র-A এর ভূমিকা ব্যাখ্যা করো। ৪

**প্রশ্ন ১৮** সীমা একটি সায়েন্টিফিক জার্নাল পড়ে একটি বিশেষ পদ্ধতি সম্পর্কে জানতে পারল। এই পদ্ধতি ব্যবহার করে একটি জীব হতে ছুবছু দেখতে এবং একই বৈশিষ্ট্যসম্পন্ন আরেকটি জীব তৈরি করা সম্ভব। ডলি নামক একটি ভেড়া এই পদ্ধতিতে তৈরি করা হয়েছে। তবে এই পদ্ধতিটির সামাজিক প্রভাবও রয়েছে।

◀ শিখনফল- ৫ ও ৬

- ক. সিনড্রম কাকে বলে? ১  
 খ. নন-ডিসজাংশন বলতে কী বোঝ? ২  
 গ. উদ্ভীপকে উল্লেখিত পদ্ধতিটির বর্ণনা দাও। ৩  
 ঘ. উদ্ভীপকের শেষ লাইনটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন ১৯** E. coli ব্যাকটেরিয়া + ইনসুলিন সৃষ্টিকারী প্রাণীকোষ।

◀ শিখনফল- ৪ ও ৭

- ক. ট্রান্সজেনেসিস কী? ১  
 খ. DNA ও RNA এর পার্থক্য করো। ২  
 গ. ব্যাকটেরিয়ার ক্লোন উদ্ভীপকের আলোকে কীভাবে করবে ব্যাখ্যা করো। ৩  
 ঘ. উক্ত প্রক্রিয়া কৃষি প্রধান বাংলাদেশের জন্য গুরুত্বপূর্ণ— বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন ২০** প্রতিটি প্রকৃত কোষে নিউক্লিয়াস আছে। নিউক্লিয়াস ক্রোমোজোম ধারণ করে যা DNA দ্বারা গঠিত। DNA হলো সমস্ত জীবের মৌলিক উপাদান।

◀ শিখনফল- ১ ও ২

- ক. জিন কী? ১  
 খ. নিউক্লিওটাইড ও নিউক্লিওসাইড বলতে কী বোঝ? ২  
 গ. চিত্রসহ উদ্ভীপকের মৌলিক উপাদানের গঠন ব্যাখ্যা করো। ৩  
 ঘ. প্রকৃত কোষের উদ্ভীপকে উল্লেখিত অঙ্গাণুটির গুরুত্ব আলোচনা করো। ৪



নিজেকে যাচাই করি

সেট-১

বিজ্ঞান

বিষয় কোড :

১	২	৭
---	---	---


মান-৩০

সময়: ৩০ মিনিট

১. কোন এনজাইম দিয়ে DNA কাটা হয়?

